

সমকাল

ৰ্যাগিং বন্ধে প্ৰতিটি শিক্ষাপ্ৰতিষ্ঠানে নজৰদাৰি চলবে- দীপু মনি

১০ ঘণ্টা আগে

সমকাল প্ৰতিবেদক



শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, র্যাগিং বন্ধে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে নজরদারি করা হবে। কোনো শিক্ষার্থী অন্যের দ্বারা যেন শারীরিক ও মানসিকভাবে নিগৃহীত না হয়।

তিনি বলেন, শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে র্যাগিং ও যৌন নির্যাতন বন্ধে সবাইকে সতর্ক থাকতে হবে। এ ধরনের অনাকাঙ্ক্ষিত ঘটনা রোধে বিশেষ সেল গঠন করা যেতে পারে বলেও জানান মন্ত্রী।

গতকাল রোববার রাজধানীর সেগুনবাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে 'মাদ্রাসা এডুকেশন ম্যানেজমেন্ট অ্যান্ড ইনফরমেশন' শীর্ষক কর্মশালায় তিনি এ কথা বলেন।

দীপু মনি বলেন, মাদ্রাসা শিক্ষার আধুনিকায়নে তথ্যপ্রযুক্তির প্রয়োগ সংশ্লিষ্ট সবার সেবা প্রাপ্তিকে সহজ করবে এবং নতুন সফটওয়্যার ব্যবহার মার্চ পর্যায়ের কর্মকর্তাদের সঙ্গে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর ও মন্ত্রণালয়ের যোগাযোগ আরও দ্রুত ও স্বচ্ছ করবে।